দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ

ডিআর টাওয়ার (১৩ তলা)
৬৫/২/২বীর প্রতীক গাজী গোলাম দস্তগীর সড়ক (বক্স কালভার্ট রোড)
পুরানা পল্টন, ঢাকা- ১০০০, ফোন # ৫৫১১২৮৫৭ - ৬০

তারিখ ঃ ২৭ সেপ্টেম্বর , ২০১৭
সূত্র ঃ পরীঃ/৬৬/প. বি./২০১৭/

পরীক্ষা বিজ্ঞপ্তি

৮৬তম (শীতকালীন) ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষা, ডিসেম্বর ২০১৭

দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি)- এর চলতি বছরের ৮৬তম (শীতকালীন) ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষা (JAIBB ও DAIBB) ২০১৭ সনের ০৮, ১৫ ও ২২ ডিসেম্বর মাসে ঢাকা মহানগরীসহ দেশের সুনির্দিষ্ট জেলা সদরে অবস্থিত পরীক্ষা কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

২। **JAIBB ও DAIBB পর্বের সকল পরীক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ৮৬তম ব্যাংকিং ডিপ্লোমা JAIBB ও DAIBB পরীক্ষায় অংশগ্রহণের জন্য পরীক্ষার্থীরা আইবিবি Web-site (www.ibb.org.bd) থেকে JAIBB ও DAIBB পর্বের ফরম Download করে তা যথাযথভাবে স্বহস্তে পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।**

৩। JAIBB ও DAIBB পর্বের পুরাতন পরীক্ষার্থীরা অবশ্যই Enrolment No. লেখা বক্সে তাদের তালিকাভূক্তি নম্বর বসাবেন। JAIBB পর্বের নতুন পরীক্ষার্থীগণ আইবিবি Web-site থেকে JAIBB পর্বের ফরম Download করে যথাযথভাবে পূরণ করে পরীক্ষায় অংশগ্রহন করতে পারবেন। সেক্ষেত্রে নতুন পরীক্ষার্থীগণ Enrolment No. লেখা বক্স খালি রাখবেন।

৪। JAIBB পর্বের পুরাতন ও নতুন পরীক্ষার্থীরা অবশ্যই ফরমের উপরে ডান পাশের বক্সে পুরাতন পরীক্ষার্থী হলে ☐ Old Examinee লেখা বক্সে 'টিক' দিবেন এবং নতুন পরীক্ষার্থী হলে ☐ New Examinee লেখা বক্সে 'টিক' দিবেন।

৫। **JAIBB ও DAIBB পরীক্ষায় বিলম্ব ফিসহ এন্ট্রি ফরম দাখিলের কোন সুযোগ নেই । তাই বিলম্ব ফি বাবদ ৫০.০০(পঞ্চাশ) টাকা রহিত করা হলো।**

৬। **আইবিবি'র নিয়ম অনুযায়ী ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষার্থীদেরকে একটি মাত্র তালিকাভুক্তি (enrolment) নম্বর এর মাধ্যমে সকল পরীক্ষায় অংশগ্রহনের বিধান রয়েছে। কিন্তু সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে বহু সংখ্যক পরীক্ষার্থী পূর্বের তালিকাভুক্তি (enrolment) নম্বর থাকা সত্ত্বেও নতুনভাবে তালিকাভুক্ত হওয়ার আবেদন করে একাধিক তালিকাভুক্তি নম্বরে পরীক্ষায় অংশগ্রহন করেন । এতে করে পরীক্ষার ফলাফল প্রকাশে অহেতুক জটিলতার সৃষ্টি হয়। অতএব , পূর্বের তালিকভুক্তি (enrolment) নম্বর থাকা সত্ত্বেও নতুন enrolment এর ফর্ম জমা না দেয়ার জন্য পরীক্ষার্থীদেরকে বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে।**

৭। JAIBB ও DAIBB পর্বের পরীক্ষার্থীগণ তাঁদের ফরম নিজ নিজ ব্যাংকের কর্মী ব্যবস্থাপনা বিভাগ/প্রধান কার্যালয়/স্থানীয় কার্যালয়/প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়/প্রধান শাখা এর মাধ্যমে পাঠাতে হবে। ***কোন অবস্থাতেই ব্যক্তিগতভাবে ফরম গ্রহণ করা হবে না।*** কর্মী ব্যবস্থাপনা বিভাগ/প্রধান কার্যালয়/স্থানীয় কার্যালয়/প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়/প্রধান শাখা JAIBB ও DAIBB পর্বের ফরমগুলো একত্রে করে JAIBB পর্বের জন্য ১টি ডিডি/পে অর্ডার এবং DAIBB পর্বের জন্য ১টি ডিডি/পে অর্ডার প্রস্তুত করে ফরওয়ার্ডিং পত্রের মাধ্যমে আইবিবি মহাসচিব বরাবরে প্রেরণ করবেন।

(চলতি পাতা # ২)

০৮। কর্মী ব্যবস্থাপনা বিভাগ/প্রধান কার্যালয়/স্থানীয় কার্যালয়/প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়/প্রধান শাখায় প্রয়োজনীয় ফিসহ **এন্ট্রি ফরম জমা দেয়ার শেষ তারিখ ০৯-১০-২০১৭**। কর্মী ব্যবস্থাপনা বিভাগ/স্থানীয় কার্যালয়/প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়/প্রধান শাখার প্রধানগণ এন্ট্রি ফরম খাতে নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত ফি-এর টাকার উপর পৃথক পৃথকভাবে JAIBB (নতুন ও পুরাতন উভয়)-এর জন্য একটি বিবরণী এবং DAIBB -এর জন্য অপর একটি বিবরণী প্রস্তুত করতঃ উক্ত বিবরণীদ্বয়ের ভিত্তিতে **১১-১০-২০১৭** তারিখের মধ্যে JAIBB ও DAIBB এর জন্য পৃথক পৃথক ২টি ডি.ডি./ পে-অর্ডার **(শুধুমাত্র ঢাকা সিটি এর ক্ষেত্রে পে-অর্ডার ইস্যু করা যাবে)** 'দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি)'- এর অনুকূলে ইস্যু করে বাহক মারফত/গ্যারান্টিড এক্সপ্রেস পোস্ট (জিইপি) যোগে ডি.ডি. / পে-অর্ডার সমেত এন্ট্রি ফরমগুলো ইনস্টিটিউটে প্রেরণের ব্যবস্থা করবেন। **কোন অবস্থাতেই ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষার এন্ট্রি ফরমের সাথে সাময়িক সনদ পত্রের আবেদন জমা দেয়া যাবে না। সামিয়িক সনদ পত্রের আবেদনের খামের উপর "সাময়িক সনদ পত্র" লিখতে হবে।**

০৯। বিশেষভাবে উল্লেখ্য, **১১-১০-২০১৭** তারিখের মধ্যে সংশ্লিষ্ট ব্যাংক সমূহ কর্তৃক অবশ্যই ফরম সমূহ আই বি বি তে প্রেরণ করতে হবে ।

পরীক্ষা সংক্রান্ত ফি সমূহ

১০। ৮৬তম (শীতকালীন) ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষার জন্য নিম্নবর্ণিত নিয়ম মোতাবেক পরীক্ষা ফি প্রদান করতে হবে ঃ

(ক) JAIBB নতুন ও পুরাতন সকল পরীক্ষার্থীর জন্য এককালীন ফ্ল্যাট রেইট নির্ধারিত ১৫০০.০০ (এক হাজার পাঁচ শত টাকা) জমা দিতে হবে।

(খ) DAIBB নতুন ও পুরাতন সকল পরীক্ষার্থীর জন্য এককালীন ফ্ল্যাট রেইট নির্ধারিত ১৫০০.০০ (এক হাজার পাঁচ শত টাকা) জমা দিতে হবে।

১১। পরীক্ষা সংক্রান্ত কার্যকর ফি/মূল্য সমূহ ; সিলেবাস ১০০/- , এক পরীক্ষার মার্কশীট ২০০/- , একাডেমিক ট্রান্সক্রীপ্ট ৫০০/- , সাময়িক সনদপত্র ২০০/-, মূল সনদপত্র ৫০০/- (সাময়িক সনদপত্র উত্তোলন না করে মূল সনদপত্র উত্তোলন করা যাবে না) , স্ক্রুটিনি ফি প্রতি বিষয়ের জন্য ৩০০/-, পুরানো তথ্য সরবরাহ ফি ৫০০/- , ডুপ্লিকেট সাময়িক সনদ ৫০০/- (ডিডি এর মাধ্যমে পরিশোধ করতে হবে)।

১২। ঢাকা মহানগরীর পরীক্ষার্থীগণ ব্যতীত অন্যান্য কেন্দ্রের পরীক্ষার্থীদেরকে তাঁদের সংশ্লিষ্ট পরীক্ষা কমিটির সদস্য-সচিব (বাংলাদেশ ব্যাংক-এর স্থানীয় কার্যালয় কর্তৃক মনোনীত কর্মকর্তা/সোনালী ব্যাংক লিঃ-এর স্থানীয় কার্যালয় প্রধান কর্তৃক মনোনীত কর্মকর্তা)- এর নিকট থেকে প্রবেশপত্র সংগ্রহ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

১৩। ঢাকা মহানগরীর পরীক্ষার্থীদের প্রবেশপত্র তাঁদের সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়ের কর্মী ব্যবস্থাপনা বিভাগ/স্থানীয় কার্যালয়/প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়ের ঠিকানায় প্রেরণ করা হবে।

১৪। পরীক্ষার বিস্তারিত নিয়মাবলী ও সিলেবাস ইনস্টিটিউট কর্তৃক প্রকাশিত "Regulations and Syllabus for Banking Diploma Examinations, JAIBB and DAIBB " শীর্ষক পুস্তিকায় বর্ণিত আছে।

(মোহাম্মদ নওশাদ আলী চৌধুরী)
মহাসচিব